



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবি'র নৈতিকতা কমিটির সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ফায়জুল হক পরিচালক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব
সভার তারিখ	৩০.০৯.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভায় বিশেষ আমন্ত্রণে সিনিয়র প্রশিক্ষক, চ.দা জনাব মোহাম্মদ আবদুল মান্নান, গবেষণা বিশেষজ্ঞ (আইসিটি), চ.দা জনাব ড. কামরুল হক যোগ দেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা-এর বিষয়ে উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। সেই অনুসারে উপপরিচালক (প্রশাসন), চ.দা শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ে ক্রমানুসারে উপস্থাপন করেন। তিনি জানান শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কোভিড পরিস্থিতির কারণে সঠিক সময়ে প্রশিক্ষণ আয়োজন করা যায় নি। তবে দ্বিতীয় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২০) আচরণ বিধিমালা ১৯৭৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হবে।

সভাপতি নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে করার আহ্বান জানান এবং উত্তম চর্চার তালিকা তৈরি করে তা ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানান। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী ইতিমধ্যে একটি শাখা পরিদর্শন করা হয়েছে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা জনাব মো. আফতাব উদ্দীন ভূঞা জানান, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবি'র ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স, তথ্য অধিকার সেবা বক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবা বক্স হালনাগাদ করা হয়েছে।

শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিস্তারিত আলোচনান্তে সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের জন্য সকলকে সচেষ্ট থাকার আহ্বান জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফায়জুল হক

পরিচালক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০১.২০.১৮৩

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭

১১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মোহাম্মদ আবদুল মান্নান, সিনিয়র প্রশিক্ষক, চলতি দায়িত্ব, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ
- ২) ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চলতি দায়িত্ব, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ,
- ৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৪) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব, প্রশাসন বিভাগ



মো. জাকির হোসেন
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)